

যৌন হয়রানির অভিযোগে বেরোবি শিক্ষক বরখাস্ত

বেরোবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

যৌন হয়রানির অভিযোগে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. মো. রশীদুল ইসলামকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের এক নারী শিক্ষার্থীর আনীত অভিযোগের ভিত্তিতে গঠিত তদন্ত কমিটির সুপারিশ ও সিন্ডিকেটের ১১৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গত রবিবার (৩ আগস্ট) এ বরখাস্তের আদেশ দেওয়া হয়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গত ১৭ এপ্রিল শ্রেণিকক্ষে অসদাচরণ ও পরীক্ষায় অনিয়মের অভিযোগ ওঠে অধ্যাপক রশীদুল ইসলামের বিরুদ্ধে। দুই দিন পর ১৯ এপ্রিল, এক শিক্ষার্থী সামাজিক যোগাযোগমাধ্যমে একাধিক স্ক্রিনশট শেয়ার করে যৌন হয়রানির অভিযোগ করেন।



কর্মস্থলে উপস্থিত না থাকায় সভাসু কর্মকর্তা বরখাস্ত

পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী শ্রী রাতুল বাসার বলেন, ‘আমরা ওই শিক্ষকের স্থায়ী বহিষ্কার চাই।’

এ বিষয়ে জানতে অধ্যাপক রশীদুল ইসলামের সঙ্গে মোবাইলফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।

বিশ্ববিদ্যালয় উপাচার্য প্রফেসর ড. শওকাত আলী বলেন, ‘আমরা আবু সাঈদের বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়নের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছি। যৌন নিপীড়নে আরো কেউ যুক্ত থাকলে তাদের ব্যাপারেও আইনি ব্যবস্থা নেওয়া হবে।